

ঢাকা ওয়াসা

- ১। ২০২৫-২৬ ইং অর্থবছরের সংশোধিত অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
 ২। সাপাশো এর মেইন ট্রান্সমিশন নেটওয়ার্কের বিদ্যমান নক্সা।
 ৩। আলোচ্য কাজের ক্যালকুলেশনের কপি।
 ৪। আলোচ্য কাজের প্রাক্কলনের কপি।

Name of Work: Leakproof (izonil) Work of e-PRV Chamber Nodal Point Dhanmondi-32 (ST-30) and Rampura(Kacha Bazar ST-40) e-PRV Chamber Water Transmission Network of SWTP.

ক্রমিক নং-০১ হতে ০৪ পর্যন্ত দেখা যেতে পারে। সবিনয়ে জানানো যাচ্ছে যে, সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এবং ফেজ-২ হতে প্রতিদিন ৪৫ কোটি লিটার বিশুদ্ধ পানি মহানগরবাসির জন্য সরবরাহ করা হচ্ছে। সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এবং ফেজ-২ এর প্রায় ৪৬ কি.মি দীর্ঘ পানির মেইন ট্রান্সমিশন লাইনে প্রেসার রিডিউসিং ভাল্ভ, বাটারফ্লাই ভাল্ভ, এয়ার রিলিজ ভাল্ভ, গেট ভাল্ভ ও ওয়াসআউট ভাল্ভ সহ বিভিন্ন ধরনের ভাল্ভ চেম্বার রয়েছে। উক্ত ভাল্ভ গুলোর সাথে ০৮(আট)টি মডস জোনের ডিস্ট্রিবিউশন লাইনে আন্তঃ সংযোগের মাধ্যমে অত্র শোধনাগারের বিশুদ্ধ পানি সরবরাহ করা হচ্ছে। উক্ত পানি সরবরাহ ব্যবস্থা সচল রাখতে প্রতিনিয়ত ট্রান্সমিশন লাইনে বিভিন্ন ধরনের ভাল্ভ ও ভাল্ভ চেম্বারগুলো পরিচালন ও রক্ষণাবেক্ষণ কাজ করতে হয়। ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, Nodal Point ST-30 and ST-40 সহ মোট দুইটি e-PRV চেম্বারের ভিতরে বাহির হতে ময়লাযুক্ত পানি প্রবেশ করছে। ময়লাযুক্ত পানি লিক করে প্রবেশ করায় চেম্বার পানিতে ডরে থাকে এবং চেম্বারের ভিতর ক্ষতিকারক গ্যাসীয় পদার্থ জমে থাকে ফলে ভাল্ভ চেম্বারে মেইনটেনেন্স কাজে ব্যাঘাত ঘটে। এর ফলে ই-পিআরভির Remort control & Telemetry (RTU) এর বিভিন্ন ধরনের বৈদ্যুতিক সরঞ্জামাদি নষ্ট/অকার্যকর হতে পারে। ট্রান্সমিশন লাইনে বিদ্যমান ই-পিআরভির Remort control & Telemetry (RTU) এর বিভিন্ন ধরনের বৈদ্যুতিক সরঞ্জামাদি অধিক মূল্যবান ও আমদানী নির্ভর মালামাল বিধায় তা যথাযথ সংরক্ষণ ও কার্যকর রাখা প্রয়োজন। উল্লেখ্য যে, সায়েদাবাদ পানি শোধনাগার ২০০২ ইং সালে চালু করা হয় এবং পানি সরবরাহের নেটওয়ার্কে চেম্বার গুলো ঐ সময়ে নির্মান করা হয়েছে, যা প্রায় ২২ (বাইশ) বছর অতিবাহিত হতে চলছে। যার দরুন চেম্বার গুলো বেশ পুরাতন হওয়ায় বিভিন্ন সময়ে লিকেজ দেখা দেয়। তাই সুষ্ঠুভাবে পানি সরবরাহ ব্যবস্থা অব্যাহত রাখার লক্ষ্যে বর্ণিত দুইটি ই-পিআরভি চেম্বারের লিকপ্রুফ ও পরিষ্কার রাখতে আইজনিল সিমেন্ট দিয়ে প্লাস্টারকরণ কাজটি করা অতীব জরুরী।

০২। আলোচ্য সরবরাহ কাজটি বাস্তবায়নের লক্ষ্যে PWD-2022 এর রেটসিডিউলের ভিত্তিতে “দাপ্তরিক প্রাক্কলন” উপস্থাপন করা হল। উপস্থাপিত প্রাক্কলন দাঁড়িয়েছে মোট টাঃ ৪৯,০১৫.৪৩৪ (উনপঞ্চাশ হাজার পনের দশমিক চার তিন চার টাকা মাত্র) টাকা মাত্র। ঢাকা ওয়াসার প্রচলিত DoFP অনুযায়ী, উপস্থাপিত প্রাক্কলন অনুমোদনের আর্থিক ক্ষমতা প্রধান প্রকৌশলী, ঢাকা ওয়াসা মহোদয়ের এখতিয়ার ভুক্ত। উক্ত কাজের ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার রক্ষণাবেক্ষণ বিভাগের ২০২৫-২৬ ইং অর্থবছরের সংশোধিত রাজস্ব বাজেটের পানির লাইন রক্ষণাবেক্ষণ কোড নং-০১-০৪-০০১ খাত হতে নির্বাহ করা যেতে পারে।

০৩। ২০২৫-২৬ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক কর্ম পরিকল্পনায় বিষয়ভূক্ত ক্রয় কাজটি সরাসরি দরপত্র পদ্ধতিতে সম্পাদনের জন্য Emergency and unforeseen procurement হিসাবে ধরা আছে। আলোচ্য কাজটি বার্ষিক কর্ম পরিকল্পনার ক্রমিক নং-২৫৫ এবং প্যাকেজ নং-EU11 তে অন্তর্ভুক্ত রয়েছে। সেই আলোকে আলোচ্য কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫ এর ৯৯(১) ধারা অনুসারে সরাসরি কার্যক্রম পদ্ধতি এর মাধ্যমে ঠিকাদারী প্রতিষ্ঠান Barishal Enterprise কে নিয়োজিত করে কাজটি সম্পাদনের প্রস্তাবনা পেশ করা হ’ল।


০৪। এমতাবস্থায়, উপর্যুক্ত অনুচ্ছেদ-১.০ হতে ৩.০ পর্যন্ত বর্ণনালোকে, “Leakproof (izonil) Work of e-PRV Chamber Nodal Point Dhanmondi-32 (ST-30) and Rampura(Kacha Bazar ST-40) e-PRV Chamber Water Transmission Network of SWTP.” শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাবসমূহ অনুমোদন করা যেতে পারে।


ক) উল্লেখিত কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫ এর ৯৯(১) ধারা অনুসারে সরাসরি Barishal Enterprise এর সহিত চুক্তির মাধ্যমে বাস্তবায়নের অনুমোদন।


খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলন টাঃ ৪৯,০১৫.৪৩৪ (উনপঞ্চাশ হাজার পনের দশমিক চার তিন চার টাকা মাত্র) টাকা এর অনুমোদন।


গ) আলোচ্য ক্রয় সংক্রান্ত ব্যয় বরাদ্দকৃত সংশোধিত রাজস্ব বাজেটের পানির লাইন রক্ষণাবেক্ষণ, কোড নং-০১-০৪-০০১ খাত হতে নির্বাহের অনুমোদন।


উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।


 সুব্রত কুমার দেব
 উপ-সহকারী প্রকৌশলী
 সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
 ঢাকা ওয়াসা।



 মোঃ মশিউর রহমান হুএরা
 সহকারী প্রকৌশলী
 সাঃ পাঃ শোঃ (রক্ষণাবেক্ষণ)
 ঢাকা ওয়াসা।


 রাজীব আহমেদ
 নির্বাহী প্রকৌশলী
 সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
 ঢাকা ওয়াসা।


 মিজী মোশাম কিবরিয়া
 তত্ত্বাবধায়ক প্রকৌশলী
 পাওপশো সার্কেল, ঢাকা ওয়াসা।



০৮। প্রকৃত অনুমোদিত,


 ২০/০৭/২৬
 শওকত মাহমুদ
 প্রধান প্রকৌশলী
 ঢাকা ওয়াসা।